

‘শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইক্সটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২১১

তারিখঃ ০২/০৮/২০২৩

**বিষয়ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জন্মহার, দারিদ্রতা, এবং পুষ্টি সূচকের উপর ভিত্তি করে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন ওয়ারি ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনে প্রতি মাসে শর্তপূরণ সাপেক্ষে গর্ভবতী মহিলা নিজে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০ টাকা ফি প্রদানের বিনিময়ে অথবা উপজেলা তথ্য আপা/তথ্য সেবাসহকারীর নিকট বিনামূল্যে আবেদন করতে পারবেন। আবেদন করার সময় আবেদনকারীর ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন, এবং

(ক) এন.আই.ডি কার্ড (জাতীয় পরিচয় পত্র)।

(খ) আবেদনকারী অবশ্যই ২০-৩৫ বছর বয়স হতে হবে।

(গ) আবেদনকারী অবশ্যই প্রথম ও দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে।

(ঘ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা / পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ.এন.সি কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড)

(ঙ) নিজ নামে নিবন্ধিত মোবাইল থাকতে হবে।

(চ) নিজস্ব মোবাইল ব্যাংকিং /এজেন্ট ব্যাংকিং /অন লাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করবেন।

প্রতিমাসের ইউনিয়ন /পৌরসভা/সিটি কর্পোরেশন পর্যায়ে আবেদন গ্রহন অবশ্যই প্রতিমাসের ০১-২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে ইউনিয়ন /পৌরসভা/সিটি কর্পোরেশন পর্যায়ে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে তথ্য আবশ্যকীয়ভাবে যাচাই বাছাই পূর্বক ইউনিয়ন /পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটির সভার মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা জেলা/উপজেলা কমিটির নিকট প্রেরণ করবে।

প্রতিমাসের ২৫-৩০ তারিখের মধ্যে প্রাপ্ত প্রাথমিক তালিকা জেলা/উপজেলা কমিটির মাধ্যমে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের মাধ্যমে যাচাই পূর্বক উপজেলা কমিটির মাধ্যমে তালিকা চূড়ান্ত অনুমোদন হবে।

মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগীদের মাসে মাসে নির্বাচন এবং মাসে মাসে ভাতা প্রদান করা হবে। সে কারণে ইউনিয়ন/ পৌরসভা/সিটি কর্পোরেশন ও জেলা/উপজেলা কমিটির নির্ধারিত তারিখের মধ্যে কাযক্রম সম্পন্ন পূর্বক ভাতাভোগীর তালিকা অনুমোদন করতে হবে।

#### **ভাতাভোগী নির্বাচনের শর্তঃ**

- জুলাই/২০২৩ থেকে আবেদনকারীদের ডাটা এন্ট্রি করা।
- প্রতি মাসে যারা ০৪-০৬ মাসের গর্ভবতী তারা আবেদন করতে পারবে।
- নির্ধারিত ব্যক্তি দ্বারা আবেদনকারীর ডাটা এন্ট্রি করার জন্য বলা হলো।
- প্রয়োজনে স্থানীয় পর্যায়ে উপজেলা কমিটির মাধ্যমে ইউনিয়নের বরাদ্দ পুন-বিন্যাস করা যাবে। কোন উপজেলা বরাদ্দ পুন-বিন্যাসিত হলে উপজেলা কমিটির সভার কাযবিবরণীসহ সদর কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।
- সংযুক্ত বিভাজন অনুযায়ী ভাতাভোগী নির্বাচন করতে বলা হলো।

০৬/০৮/২০২৩  
মোহাম্মদ শওকত হোসেন  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,  
খুলনা-১, টাঙ্গাইল।

০২/০৮/২০২৩  
মহিলা বিষয়ক  
অধিদপ্তর, ঢাকা।

উপরোক্ত শর্তপূরণ সাপেক্ষে ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় নির্ধারিত বিভাজন অনুযায়ী ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে মাসে মাসে ভাতাভোগী নির্বাচন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।


উল্লেখ্য মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নিবিড় ভাবে পর্যবেক্ষণ করছে। সুতরাং কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নে নীতিমালা বিশেষভাবে অনুসরণ করার জন্য বলা হলো। নির্ধারিত ব্যক্তি ছাড়া অন্য কাউকে দিয়ে আবেদনকারীদের ডাটা এন্ট্রি না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

প্রয়োজনে যোগাযোগ:

০১৭০৭৫২৪৩৭৭, ০১৭৮৪০৬০৯৬২, ০১৭৮৩৭৯৩৯৯২

ই-মেইল: dwa.mcbp@gmail.com



(মনোয়ারা ইশরাত)

পরিচালক (যুগ্মসচিব)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

ও

কর্মসূচি পরিচালক

মা ও শিশু সহায়তা কর্মসূচি।

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার (সকল)।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। মেয়র (সকল)


৪। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর----- (সকল) জেলা।

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(সকল)

জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালকের অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

  
০৬/০৬/২০২৩  
নোহাশাদ শওকত মৌলভী  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
ধনবাড়ী, টাঙ্গাইল।